

১১২

কম্পিউটার  
বি. এফ. এ. এম. আই. এস. উইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প  
পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-১)  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)


নং-৫২.০১.০০০০.৩৬০.০৭.০০৮.১৭-২০১

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫  
১২ জুন ২০১৮**কোটেশন বিজ্ঞপ্তি**

কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প বাস্তবায়ন কাজের আওতায় কিছু সংখ্যক কম্পিউটার সামগ্রী (টোনার) ক্রয়/সংগ্রহ করা হবে। দরপত্র সিডিউলে বর্ণিত কম্পিউটার সামগ্রী (টোনার) ক্রয়/সংগ্রহের নিমিত্ত 'পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬' এবং 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮' অনুযায়ী Request for Quotation (RFQ) এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

- ০১। বিস্তারিত বিবরণ সম্বলিত কম্পিউটার সামগ্রী (টোনার) সরবরাহের কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, "কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প", বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-এ), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর থেকে আগামী ১৯ জুন ২০১৮ খ্রি. তারিখ বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- ০২। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত কোটেশন বাক্সে সর্বশেষ ১৯ জুন ২০১৮ খ্রি. তারিখ বিকাল ২:৩০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে এবং একই দিন বিকাল ৩:০০ ঘটিকায় 'দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি' কর্তৃক দরপত্র উন্মুক্ত ও মূল্যায়ন করা হবে।
- ০৩। কোটেশনের সাথে হালসন পর্যন্ত নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র এবং হালনাগাদ (২০১৬-২০১৭) আয়কর পরিশোধ সংক্রান্ত সনদপত্র দাখিল করতে হবে।
- ০৪। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ-এ বর্ণিত মালামাল প্রকল্প কার্যালয়ে সরবরাহ করতে হবে।
- ০৫। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তনপূর্বক এজি অফিসে বিল দাখিল করা হবে। বিল পাশ হলে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। এ জন্য প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ০৩ (তিন) কপি করে বিল ও চালান সরবরাহ করতে হবে।
- ০৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্যে কোন প্রকার ত্রুটি/সমস্যা/কার্যাদেশে বর্ণিত পণ্যের সাথে গড়মিল দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুন সরবরাহ করতে হবে, তার জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।
- ০৭। ইচ্ছুক কোটেশন দাতা প্রতিষ্ঠান একটি কোটেশন পত্রে বিকল্প দর প্রদান করতে পারবেন না।
- ০৮। কোন কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
জাফর আহাম্মদ খান  
প্রকল্প পরিচালক  
(যুগ্ম-সচিব)  
৮১৮১৪১৫

**বিতরণঃ**

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (sparrso), আগারগাঁও, ঢাকা। (প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ০২। পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস। (বিবিএস এর নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ০৩। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, আগারগাঁও, ঢাকা। (বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ০৪। সভাপতি, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ০৫। সদস্য-সচিব, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা। (আগামী ১৯ জুন ২০১৮ খ্রি. তারিখ বিকাল ৩.০০ টায় দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটির সভা আহ্বানের জন্য অনুরোধ করা হলো)
- ০৬। অফিস কপি।